২৯তম ঢাকা আন্তর্জাতিক বাণিজ্য মেলা (ডিআইটিএফ)-২০২৫

রপ্তানি উন্নয়ন ব্যুরো

টিসিবি ভবন, ১, কাওরান বাজার, ঢাকা-১২১৫
www.epb.gov.bd /E-mail: ditf@epb.gov.bd /Facebook: www.facebook.com/epb.gov.bd

বিজ্ঞপ্তি নম্বর-২৬.০২.০০০০.০৫৫.৫৩.০০৩.২৩.৩৪

তারিখ: ৩১-১০-২০২৪ খ্রি.

২৯তম ডিআইটিএফ-২০২৫ এর প্যাভিলিয়ন/রেস্টুরেন্ট/স্টল এর স্পেস বরাদ্দের দরপত্র/আবেদনপত্র আহবান।

বাণিজ্য মন্ত্রণালয় ও রপ্তানি উন্নয়ন ব্যুরোর যৌথ উদ্যোগে পূর্বাচল নতুন শহর প্রকল্পের ০৪নং সেক্টরস্থ "বাংলাদেশ-চায়না ফ্রেন্ডশিপ এক্সিবিশন সেন্টার" (বিসিএফইসি)-এ আগামী ০১ জানুয়ারি ২০২৫ তারিখ হতে মাসব্যাপী ২৯তম ঢাকা আন্তর্জাতিক বাণিজ্য মেলা (ডিআইটিএফ)-২০২৫ অনুষ্ঠিত হবে। উক্ত মেলায় নিম্নবর্ণিত বিভিন্ন ক্যাটাগরির স্পেস বরাদ্দ পেতে আগ্রহী দেশি-বিদেশি কোম্পানি/ফার্ম/প্রতিষ্ঠান/ব্যক্তি মালিকানাধীন প্রতিষ্ঠান এবং সরকারি ও বেসরকারি সংস্থা/প্রতিষ্ঠানের নিকট হতে আবেদনপত্র/দরপত্র আহবান করা যাচ্ছে:

আবেদন/দরপত্র দাখিল পদ্ধতি/মাধ্যম:

১) সরাসরি অন-লাইন আবেদন:

১.১) আবেদন/দরপত্র দাখিলের লিংক: http://services.mincom.gov.bd/portal/ditf

১.২) আবেদন/দরপত্র শুরুর তারিখ: ০১-১১-২০২৪ খ্রি.; **আবেদন/দরপত্র দাখিলের শেষ তারিখ ও সময়:** ১৭-১১-২০২৪ খ্রি. বিকাল ০৫:০০ টা পর্যন্ত।

(ক) প্যাভিলিয়ন/স্টল/রেস্টুরেন্টের শ্রেণী, প্রসেসিং ফি, ভাড়া/রয়্যালটির হার (স্থানীয়):

ক্রম	প্যাভিলিয়ন, স্টল, রেস্টুরেন্টের ক্যাটাগরি/প্রকৃতি/নাম	সাইজ/আকার	আবেদনপত্র প্রসেসিং ফি (ভ্যাট-ট্যাক্সসহ) (টাকায়) অফেরতযোগ্য	ফ্লোর মূল্য (ভ্যাট-ট্যাক্স ব্যতীত) (সর্বনিম্ন) (টাকায়)	মন্তব্য
১	প্রিমিয়ার প্যাভিলিয়ন (PP) ক্যাটাগরী-A	(৬৫´ x ৩৬´)	টাঃ ২০,০০০/-	টাঃ ২২,০০,০০০/-	সরাসরি অন-লাইনে আবেদন
২	প্রিমিয়ার প্যাভিলিয়ন (PP) ক্যাটাগরী-B	(৫০´ x ৫০´)	টাঃ ২০,০০০/-	টাঃ ২১,০০,০০০/-	
৩	প্রিমিয়ার প্যাভিলিয়ন (PP) ক্যাটাগরী-C	(৫৬´ x ৩৬´)	টাঃ ২০,০০০/-	টাঃ ২১,০০,০০০/-	
৪	সাধারণ প্যাভিলিয়ন (GP)	(৩৬´ x ৩৬´)	টাঃ ২১,০০০/-	টাঃ ১৫,০০,০০০/-	
৫	প্রিমিয়ার মিনি প্যাভিলিয়ন (PMP)	(৩৬´ x ১৭´)	টাঃ ১৪,০০০/-	টাঃ ১১,০০,০০০/-	
৬	প্রিমিয়ার রেস্টুরেন্ট (PR)	(৫০´ x ৫০´)	টাঃ ১৬,০০০/-	টাঃ ১৭,০০,০০০/-	
৭	প্রিমিয়ার মিনি রেস্টুরেন্ট (PMR)	(২০´ x ২০´)	টাঃ ১২,০০০/-	টাঃ ৬,৫০,০০০/-	
৮	প্রিমিয়ার স্টল (PS)	(২০´ x ২০´)	টাঃ ৭,০০০/-	টাঃ ৪,৫০,০০০/-	
৯	প্রিমিয়ার মিনি স্টল (PMS)	(২০´ x ১০´)	টাঃ ৭,০০০/-	টাঃ ৩,৩০,০০০/-	
১০	সাধারন স্টল (GS)	(২০´ x ২০´)	টাঃ ৭,০০০/-	টাঃ ৪,০০,০০০/-	
১১	কফি শপ (CS)	(২০´ x ২০´)	টাঃ ৭,০০০/-	টাঃ ৪,০০,০০০/-	

১.৩) নিরাপত্তা জামানত: আবেদনকারী সংস্থা/প্রতিষ্ঠানসমূহকে আবেদনপত্র/দরপত্রের সাথে সংশ্লিষ্ট উদ্ধৃত দর/ভাড়া (একাধিক পছন্দক্রমের ক্ষেত্রে সর্বোচ্চ উদ্ধৃত দর/ভাড়ার) ২৫% (শতকরা পঁচিশ ভাগ)-এর সমপরিমাণ অর্থ নিরাপত্তা জামানত (ফেরতযোগ্য) হিসেবে সোনালী ব্যাংক পিএলসি-এর Payment Gateway-এর মাধ্যমে (Counter Payment/Account Payment/Mobile Financial Service (MFS) ও Card] জমা প্রদান করতে হবে।

১.৪) অনলাইন পেমেন্ট সংক্রান্ত নির্দেশাবলী: (ক) অনলাইনে আবেদনকারী সোনালি ব্যাংক পিএলসি -এর পেমেন্ট গেটওয়ে "Sonali Payment Gateway" এর মাধ্যমে পেমেন্ট প্রক্রিয়া সম্পন্ন করতে পারবে; (খ) আবেদনকারী তার নিজ কার্ড, অ্যাকাউন্ট, ইন্টারনেট ব্যাংকিং, মোবাইল ব্যাংকিং এবং Counter Payment এর মাধ্যমে পেমেন্ট প্রক্রিয়া সম্পন্ন করতে পারবে। কিন্তু কার্ড, অ্যাকাউন্ট, Counter পেমেন্ট এর ক্ষেত্রে লিমিট থাকা আবশ্যক। যদি কাউন্টার, কার্ড এবং অ্যাকাউন্ট পেমেন্ট এর জন্য প্রয়োজনীয় লিমিট থাকে, তাহলে কাউন্টার পেমেন্টের মাধ্যমে পেমেন্ট প্রক্রিয়া সম্পূর্ণ করতে পারবে; (গ) অনলাইনে Payment এর ক্ষেত্রে Payment এর পূর্বেই আবেদনের উদ্ধৃত দর/ভাড়ার সমপরিমাণ অর্থ সংশ্লিষ্ট ব্যাংক কর্তৃক লিমিট অনুমোদন করে নিতে হবে; (ঘ) কাউন্টার পেমেন্ট করতে হলে আবেদনকারীকে কাউন্টার অপশন নির্বাচন করে কাউন্টার ভাউচার Download/সংগ্রহপূর্বক সোনালী ব্যাংকের যে কোন শাখায় ০৩(তিন) কার্যদিবসের মধ্যে ভাউচার প্রদর্শনপূর্বক পেমেন্টটি সম্পন্ন করতে হবে। অন্যথায় পেমেন্টটি বাতিল বলিয়া গণ্য হবে। অর্থ পরিশোধের সাথে সাথে আবেদন স্বয়ংক্রিয়ভাবে দাখিল হবে ও মোবাইল বার্তার মাধ্যমে নিশ্চিত করবে; এবং (ঙ) মোবাইল ব্যাংকিং এর ক্ষেত্রে সরকার নির্ধারিত ০৩ (তিন) লক্ষ টাকার উপরে ট্রানজেকশন করা যাবে না।

২) ম্যানুয়াল/ই-মেইল আবেদন:

২.১) আবেদন/দরপত্র শুরুর তারিখ: ০১-১১-২০২৪ খ্রি.; **আবেদন/দরপত্র দাখিলের শেষ তারিখ ও সময়:** ১৭-১১-২০২৪ খ্রি. বিকাল ০৫:০০ টা পর্যন্ত (স্থানীয় সময়)।

২.২) আবেদন/দরপত্র প্রাপ্তির স্থান/মাধ্যম: রপ্তানি উন্নয়ন ব্যুরোর প্রশাসন শাখা ও ডিআইটিএফ সচিবালয় থেকে আবেদন/দরপত্র সিডিউল সরাসরি সংগ্রহ করা যাবে [০৩-১১-২০২৪ খ্রি. তারিখ হতে ১৭-১১-২০২৪ খ্রি: তারিখ পর্যন্ত (ছুটির দিন ব্যতিত)] অথবা ওয়েবসাইট: www.epb.gov.bd এবং Facebook: www.facebook.com/epb.gov.bd হতে বিনামূল্যে ডাউনলোড করা যাবে।

২.৩) আবেদন/দরপত্র দাখিলের স্থান: (১) সচিব (উপসচিব), রপ্তানি উন্নয়ন ব্যুরো, ঢাকা এর দপ্তর; (২)বাণিজ্য মন্ত্রণালয় (ভবন-০৩, কক্ষ নং ১২৭), বাংলাদেশ সচিবালয়, ঢাকা; (৩) অতিরিক্ত বিভাগীয় কমিশনার (সার্বিক) ঢাকা-এর দপ্তর (১ম ১২তলা সরকারি ভবন, কক্ষ নং-৩০৩, সেগুন বাগিচা, ঢাকা) (পূরণকৃত আবেদন/দরপত্র সরাসরি, ই-মেইল: ditf@epb.gov.bd অথবা ডাক/কুরিয়ার সার্ভিস যোগে দাখিল করা যাবে। তবে, নির্ধারিত তারিখ ও সময়ের পরে প্রাপ্ত আবেদন/দরপত্র বাতিল বলে গণ্য হবে)।

(খ) প্যাভিলিয়ন/স্টলের শ্রেণী, প্রসেসিং ফি, ভাড়া/রয়্যালটির হার (বিদেশি):

ক্রম	প্যাভিলিয়ন, স্টল, রেস্টুরেন্টের ক্যাটাগরি/প্রকৃতি/নাম	সাইজ/আকার	আবেদনপত্র প্রসেসিং ফি (ভ্যাট ট্যাক্সসহ) (টাকায়/ডলারে) অফেরতযোগ্য	ভাড়া/রয়্যালটির ফ্লোর মূল্য (ভ্যাট-ট্যাক্স ব্যতীত) (টাকায়/ডলারে) (নির্দিষ্ট)	মন্তব্য
১	বিদেশি প্যাভিলিয়ন (FP)	(৩৬´ x ৩৬´)	মাঃ ডঃ ৪০০.০০	মাঃ ডঃ ১৯,০০০.০০	ম্যানুয়াল/ ই-মেইল আবেদন
২	বিদেশি মিনি প্যাভিলিয়ন (FMP)	(৩৬´ x ১৭´)	মাঃ ডঃ ২৭০.০০	মাঃ ডঃ ১০,০০০.০০	
৩	বিদেশি প্রিমিয়ার স্টল (FPS)	(২০´ x ২০´)	মাঃ ডঃ ১৩৫.০০	মাঃ ডঃ ৭,০০০.০০	

২.৪) নিরাপত্তা জামানত: বিদেশি প্যাভিলিয়ন/স্টলের জন্য নিরাপত্তা জামানত হিসেবে উদ্ধৃত/বরাদ্দ মূল্য/ভাড়ার ২৫% (মাঃ ডঃ) নিম্নবর্ণিত ব্যাংক হিসাবে পরিশোধ/জমা করে প্রমাণপত্র/ডিপোজিট স্লিপ দাখিল করতে হবে;

ব্যাংকের নাম: প্রাইম ব্যাংক লিঃ, ৫৪, কাওরান বাজার বা/এ, ঢাকা-১২১৫।
হিসাব নম্বর: ১১৩৫১১৩০০২০৪৩৭
শিরোনাম: DHAKA INTERNATIONAL TRADE FAIR FUND
সুইফট কোড নম্বর: PRBLBDDH010

(গ) প্যাভিলিয়ন/স্টলের শ্রেণী, প্রসেসিং ফি, ভাড়া/রয়্যালটির হার (স্থানীয়):

ক্রম	প্যাভিলিয়ন, স্টল, রেস্টুরেন্টের ক্যাটাগরি/প্রকৃতি/নাম	সাইজ/আকার	আবেদনপত্র প্রসেসিং ফি (ভ্যাট-ট্যাক্সসহ) (টাকায়) অফেরতযোগ্য	ভাড়া/রয়্যালটির ফ্লোর মূল্য (ভ্যাট-ট্যাক্স ব্যতীত) (টাকায়) (নির্দিষ্ট)	মন্তব্য
১	সংরক্ষিত মিনি প্যাভিলিয়ন (RMP)	(৩৬´ x ১৭´)	টাঃ ১৪,০০০/-	টাঃ ১১,০০,০০০/-	ম্যানুয়াল/ ই-মেইল আবেদন
২	সংরক্ষিত স্টল (RS)	(২০´ x ২০´)	টাঃ ৭,০০০/-	টাঃ ৪,৫০,০০০/-	
৩	সংরক্ষিত মিনি স্টল (RMS)	(১৮´ x ১৮´)	টাঃ ৬,০০০/-	টাঃ ২,৫০,০০০/-	
৪	সোর্সিং কর্ণার (SC)	(২০´ x ২০´)	টাঃ ৭,০০০/-	টাঃ ৪,০০,০০০/-	

২.৫) নিরাপত্তা জামানত: সংরক্ষিত প্যাভিলিয়ন/স্টল/কর্ণারের ক্ষেত্রে স্থানীয় অংশগ্রহণকারী কোম্পানি/ফার্ম/প্রতিষ্ঠান/ব্যক্তি মালিকানাধীন প্রতিষ্ঠানসমূহকে আবেদন/দরপত্রের সাথে সংশ্লিষ্ট উদ্ধৃত দর/নির্ধারিত ভাড়ার ২৫% (শতকরা পঁচিশ ভাগ) এর সমপরিমাণ অর্থ নিরাপত্তা জামানত (ফেরতযোগ্য) হিসেবে নিম্নবর্ণিত ব্যাংক হিসাব নম্বরে জমা প্রদান করে প্রমাণপত্র/ডিপোজিট স্লিপ দাখিল করতে হবে:

ব্যাংকের নাম: ব্র্যাক ব্যাংক লিঃ (যে কোন শাখা)
হিসাবের শিরোনাম: "ঢাকা আন্তর্জাতিক বাণিজ্য মেলা তহবিল" ("DHAKA INTERNATIONAL TRADE FAIR FUND")
হিসাব নম্বর-১৫০১১০২৪৮৫১০৩০০১।

৩) স্থানীয় আবেদনকারীগণকে আবেদনপত্রের সাথে যে সকল কাগজপত্র ও তথ্য-প্রমাণাদি দাখিল/সংযুক্ত করতে হবে (অন-লাইন/ম্যানুয়াল/ই-মেইল আবেদন):
সদ্যতোলা পাসপোর্ট সাইজের ছবি, প্রসেসিং ফি, নিরাপত্তা জামানত, হালনাগাদ ট্রেড লাইসেন্স, জাতীয় পরিচয়পত্রের কপি, ভ্যাট রেজিস্ট্রেশন সার্টিফিকেট, টিআইএন সংবলিত ২০২৩-২০২৪ কর বছরের আয়কর মামলা নিষ্পত্তির সনদপত্র, হালনাগাদ ব্যাংক সলভেন্সি সনদ, চেম্বার/এসোসিয়েশন সদস্য সনদপত্র (প্রযোজ্য ক্ষেত্রে) প্রভৃতির স্ক্যান কপি সংযুক্ত/দাখিল করতে হবে। আবেদন/দরপত্র বাছাই-এর সময়ে সকল কাগজপত্রের মূল কপি দাখিল করতে হবে।

৪) বিদেশি আবেদনকারীদের যে সকল কাগজপত্র ও তথ্য-প্রমাণাদি আবেদনপত্রের সাথে দাখিল/সংযুক্ত করতে হবে:

৪.১) বিদেশি আবেদনকারীগণ ইপিবি'র ওয়েবসাইট-www.epb.gov.bd এর ঢাকা আর্ন্তজাতিক বাণিজ্য মেলা-২০২৫ সেবা বক্স হতে আবেদন ফরম ডাউনলোড করে আবেদন ফরম পূরণপূর্বক প্রয়োজনীয় কাগজপত্র সংযুক্ত করে ফ্যাক্স/কুরিয়ার সার্ভিস/ডাক/ই-মেইলযোগে (ditf@epb.gov.bd) আবেদন প্রেরণ করতে পারবে। তবে, নির্ধারিত তারিখ ও সময়ের পরে প্রাপ্ত আবেদনপত্রসমূহ বাতিল বলে গণ্য হবে;

৪.২) প্রত্যেক আবেদনকারীকে তাঁর আবেদনপত্রের সাথে আবেদনপত্র প্রসেসিং ফি, নিরাপত্তা জামানত জমা এর ডিপোজিট স্লিপসহ (Deposit Slip) সংশ্লিষ্ট দেশে অবস্থিত বাংলাদেশ দূতাবাস অথবা বাংলাদেশে অবস্থিত স্ব-স্ব দেশের দূতাবাসের সুপারিশসহ আবেদন করতে হবে;

৪.৩) প্রদর্শিতব্য পণ্য/দ্রব্যাদি প্রচলিত নিয়মে শুল্ক ও কর পরিশোধ করে আমদানি করা যাবে অথবা এ বিষয়ে শুল্ক ও কর কর্তৃপক্ষ কর্তৃক নির্ধারিত অন্য যে কোন ব্যবস্থা প্রযোজ্য হবে;

৪.৪) যে সকল দেশে বাংলাদেশ মিশন নেই অথবা ঢাকায় ঐ সব দেশের মিশন নেই, সে সব দেশের আবেদনকারীগণকে নিজ দেশের সরকার/চেম্বার/ট্রেড বডির মাধ্যমে আবেদন প্রেরণ/দাখিল করতে হবে।

৫) সংরক্ষিত মিনি-প্যাভিলিয়ন/স্টল/মিনি স্টল বরাদ্দ সম্পর্কিত:
সরকারি/আধা-সরকারি/স্বায়ত্বশাসিত সংস্থা/প্রতিষ্ঠান/তফসিলি ব্যাংক, ব্যবসায়ী সমিতি, মহিলা উদ্যোক্তা প্রভৃতির অনুকূলে বরাদ্দ প্রদানের জন্য মেলায় কিছু সংখ্যক মিনি-প্যাভিলিয়ন/স্টল/মিনি স্টল সংরক্ষিত থাকবে। এ সকল সংরক্ষিত মিনি প্যাভিলিয়ন/স্টল/মিনি স্টল-এর জন্য উক্ত সংস্থা/প্রতিষ্ঠান এর নিকট থেকে আবেদনপত্র দাখিল করা হলে তা পরীক্ষা-নিরীক্ষা করে তাদের অনুকূলে ফ্লোর মূল্যে বরাদ্দ করা হবে।

৬) বিদেশি প্যাভিলিয়ন/বিদেশি মিনি প্যাভিলিয়ন/বিদেশি প্রিমিয়ার স্টল বরাদ্দ সম্পর্কিত:
বিদেশি প্রতিষ্ঠানের নিকট থেকে পর্যাপ্ত আবেদনপত্র পাওয়া না গেলে বিদেশি প্যাভিলিয়ন (FP), বিদেশি মিনি প্যাভিলিয়ন (FMP), বিদেশি প্রিমিয়ার স্টল (FPS)সমূহ স্থানীয় আবেদনকারী প্রতিষ্ঠানসমূহের মধ্যে বরাদ্দ করা হবে কিনা, সে বিষয়ে মেলা সচিবালয়ের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে।

৭) আবেদন/দরপত্র (অন-লাইন/ম্যানুয়াল/ই-মেইলে প্রাপ্ত আবেদন) খোলার স্থান, তারিখ ও সময়:
সকল প্রকার আবেদন/দরপত্র আগামী ২০-১১-২০২৪ তারিখ বেলা-০৩:৩০ টায় রপ্তানি উন্নয়ন ব্যুরোর কনফারেন্স কক্ষ (টিসিবি ভবন, ১ কাওরান বাজার, ঢাকা)-এ আবেদনকারী/দরদাতাদের উপস্থিতিতে (যদি কেহ উপস্থিত থাকেন) খোলা/উন্মুক্ত করা হবে।

৮) সাধারণ শর্তাবলী:

৮.১) প্রিমিয়ার প্যাভিলিয়ন, সাধারণ প্যাভিলিয়ন, প্রিমিয়ার মিনি প্যাভিলিয়ন, প্রিমিয়ার রেস্টুরেন্ট, প্রিমিয়ার মিনি রেস্টুরেন্ট, প্রিমিয়ার স্টল, প্রিমিয়ার মিনি স্টল, কফি শপ, বিদেশি প্যাভিলিয়ন, বিদেশি মিনি প্যাভিলিয়ন, বিদেশি প্রিমিয়ার স্টল প্রভৃতি নিলামের মাধ্যমে প্রযোজ্য শর্তসমূহ পরিপালন সাপেক্ষে সর্বোচ্চ দরদাতা আবেদনকারী/প্রতিষ্ঠানসমূহের অনুকূলে বরাদ্দ করা হবে;

৮.২) আবেদনপত্র প্রাপ্তি এবং প্রযোজ্য শর্তসমূহ পরিপালন সাপেক্ষে মেলা প্রাঙ্গণের সাধারণ স্টল আবেদনকারী/প্রতিষ্ঠানসমূহের অনুকূলে লটারীর ভিত্তিতে বরাদ্দ করা হবে। তবে, সাধারণ স্টল বরাদ্দের ক্ষেত্রে Women Entrepreneurs, Small and Cottage Industries, Exporters, Manufacturers, Manufacturing Associations, Government/ Autonomous Bodies, Chambers/Trade Associations, Banks, Assembler প্রভৃতি অগ্রাধিকার দেয়া হবে;

৮.৩) মেলা প্রাঙ্গণের প্যাভিলিয়ন, মিনি প্যাভিলিয়ন, স্টল ও রেস্টুরেন্ট ইত্যাদির Location ম্যাপ নাম্বার ও সংখ্যা www.epb.gov.bd /Facebook: www.facebook.com/epb.gov.bd এবং ইপিবি'র মেলা সচিবালয়ে রক্ষিত মেলার মাস্টার প্ল্যানে পাওয়া যাবে;

৮.৪) আবেদন/দরপত্রে অনুচ্ছেদ-"ক" "খ" এবং "গ"এর ছকে উল্লিখিত নির্ধারিত সর্বনিম্ন ফ্লোর মূল্যের (Floor Rate) কমে দর উদ্ধৃত করা যাবে না;

৮.৫) উৎপাদনকারী প্রতিষ্ঠান ব্যতীত অন্য কোন অংশগ্রহণকারী সংস্থা/প্রতিষ্ঠানসমূহকে কর্তৃপক্ষ কর্তৃক নির্ধারিত পণ্য গ্রুপের (Product Group) আওতা বহির্ভূত কোন পণ্য প্রদর্শন করতে দেয়া হবে না। এক্ষেত্রে মেলা কর্তৃপক্ষ কর্তৃক ইস্যুকৃত বরাদ্দপত্রে নির্ধারিত "পণ্য গ্রুপ" চূড়ান্ত হিসেবে গণ্য হবে;

৮.৬) চূড়ান্তভাবে নির্বাচিত প্রতিষ্ঠানসমূহের অনুকূলে বরাদ্দকৃত স্টল/প্যাভিলিয়ন/রেস্টুরেন্ট অন্যের নিকট হস্তান্তর/অন্যকে Power of Attorney মূলে পরিচালনার জন্য ক্ষমতা অর্পণ করতে পারবে না। ব্যত্যয়ে, সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের জামানতসহ সমুদয় জমাকৃত অর্থ বাজেয়াপ্ত এবং বরাদ্দপত্র বাতিল করা হবে;

৮.৭) আবেদন/দরপত্র দাখিলকারী কোন প্রতিষ্ঠান ইতোপূর্বে ডিআইটিএফ সংক্রান্ত কোন কাজে অভিযুক্ত হয়ে থাকলে অথবা ডিআইটিএফ এর কাজে অংশগ্রহণের জন্য ইতোপূর্বে অযোগ্য হয়ে থাকলে উক্ত প্রতিষ্ঠানের আবেদন/দরপত্র গ্রহণযোগ্য হবে না;

৮.৮) বরাদ্দপ্রাপ্ত কোন প্রতিষ্ঠানের জন্য বরাদ্দকৃত স্টল/প্যাভিলিয়ন/রেস্টুরেন্টে অথবা মেলায় প্রচারণায় অন্য কোন প্রতিষ্ঠানের নাম, ব্র্যান্ড, লোগো, প্রতীক ইত্যাদি ব্যবহার করতে পারবে না। এর ব্যত্যয় হলে তাদের বিরুদ্ধে আইনগত ব্যবস্থা গ্রহণ করা হবে।

৯) অন্যান্য শর্তাবলী (স্থানীয় ও বিদেশি উভয় অংশগ্রহণকারীদের ক্ষেত্রে প্রযোজ্য):

৯.১) বরাদ্দ প্রাপ্ত স্থানীয় এবং বিদেশি অংশগ্রহণকারী সংস্থা/প্রতিষ্ঠানসমূহ কর্তৃক মেলায় অংশগ্রহণের জন্য মেলা তহবিলে জমাকৃত জামানতের অর্থ দরপত্র/আবেদন ফরম/শিডিউল, বরাদ্দপত্র এবং বিজ্ঞপ্তিতে উল্লিখিত শর্তাবলী যথাযথভাবে পরিপালন সাপেক্ষে মেলা সমাপ্ত হওয়ার পর ফেরত দেয়া হবে। তবে, সংশ্লিষ্ট প্রতিষ্ঠান বা ব্যক্তিকে জামানতের অর্থ ফেরত পাওয়ার জন্য দরপত্র শিডিউলে/আবেদনপত্রের ফরমে উল্লিখিত সময়ের মধ্যে লিখিতভাবে আবেদন করতে হবে। অন্যথায়, জমাকৃত জামানতের অর্থ বাজেয়াপ্ত হবে;

৯.২) যে সকল আবেদনকারী/দরপত্র দাখিলকারী প্রতিষ্ঠান মেলার স্টল/প্যাভিলিয়ন/রেস্টুরেন্টের বরাদ্দ প্রাপ্তির জন্য নির্বাচিত হবে না তাদের নিরাপত্তা জামানত আবেদন প্রাপ্তি সাপেক্ষে মেলা সমাপ্ত হওয়ার পর ফেরত দেওয়া হবে;

৯.৩) ডিআইটিএফ এর স্টল, প্যাভিলিয়ন অথবা অন্য কোন কাজ বরাদ্দের জন্য নির্বাচিত কোন প্রতিষ্ঠান বরাদ্দপ্রাপ্ত কাজ নির্ধারিত সময়ের মধ্যে সম্পাদন করতে ব্যর্থ হলে অথবা সম্পাদন করতে অপারগতা প্রকাশ করলে অথবা সম্পাদন না করলে অথবা দরপত্র বিজ্ঞপ্তি/শিডিউল/কার্যাদেশ/বরাদ্দপত্রে উল্লিখিত কোন শর্ত ভংগ করলে উক্ত প্রতিষ্ঠানের অনুকূলে ইস্যুকৃত কার্যাদেশ/বরাদ্দপত্র বাতিল হবে এবং রয়্যালটি, ভাড়া, ভ্যাট, আয়কর প্রভৃতি বাবদ মেলা তহবিলে জমাকৃত সমুদয় অর্থ বাজেয়াপ্ত হবে;

৯.৪) মেলার স্টল, প্যাভিলিয়নসহ অন্যান্য কাজের জন্য প্রাথমিকভাবে নির্বাচিত বা প্রাথমিকভাবে বরাদ্দপ্রাপ্ত কোন প্রতিষ্ঠান দরপত্র বিজ্ঞপ্তি/প্রাথমিক কার্যাদেশ/প্রাথমিক বরাদ্দপত্রের শর্ত মোতাবেক প্রযোজ্য সম্পূর্ণ অর্থ মেলা তহবিলে জমা না করলে তাদের অনুকূলে সংশ্লিষ্ট কাজের চূড়ান্ত কার্যাদেশ বা চূড়ান্ত বরাদ্দপত্র দেয়া হবে না। এ ক্ষেত্রে তাদের নামে ইস্যুকৃত প্রাথমিক কার্যাদেশ/বরাদ্দপত্র বাতিল করে মেলা তহবিলে তাদের জমাকৃত সমুদয় অর্থ বাজেয়াপ্ত করে অন্যান্য আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে;

৯.৫) মনোনীত/বরাদ্দপ্রাপ্ত প্রতিষ্ঠানকে তাদের বরাদ্দ মূল্য ছাড়াও ভ্যাট বাবদ উক্ত বরাদ্দ মূল্যের ১৫% ও আয়কর বাবদ ১০% অর্থ চূড়ান্ত কার্যাদেশ প্রাপ্তির পূর্বে মেলা তহবিলে জমা করতে হবে;

৯.৬) স্থানীয় অংশগ্রহণকারী প্রতিষ্ঠান কর্তৃক বিদেশি পণ্য আমদানির বৈধ কাগজপত্র প্রদর্শন অথবা বাংলাদেশে অবস্থিত সংশ্লিষ্ট দেশের দূতাবাস কর্তৃক প্রত্যয়ন সাপেক্ষে আমদানিকৃত বিদেশি পণ্য প্রদর্শন ও বিক্রয় করা যাবে;

৯.৭) প্রিমিয়ার রেস্টুরেন্ট ও প্রিমিয়ার মিনি রেস্টুরেন্ট বরাদ্দের জন্য আবেদনকারীগণকে ক্রমিক নং-০৩ এ বর্ণিত কাগজপত্র ছাড়াও রেস্টুরেন্ট ব্যবসার লাইসেন্স দাখিল করতে হবে;

৯.৮) রেস্টুরেন্ট/ফুড স্টলে মেলা কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদিত তালিকা মোতাবেক খাবার রান্না এবং মেলা কর্তৃপক্ষ অনুমোদিত নির্ধারিত মূল্যে বিক্রয় করতে হবে। একইসাথে মেলা কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদিত খাদ্য ও মূল্য তালিকা অনুসরণ করা হবে মর্মে অঙ্গীকারপত্র দাখিল করতে হবে;

৯.৯) কোন আবেদনকারী একাধিক প্যাভিলিয়ন/মিনি-প্যাভিলিয়ন/স্টলের জন্য আবেদন করলেও মেলা কর্তৃপক্ষ একটির বেশী বরাদ্দ না করার ক্ষমতা সংরক্ষণ করে;

৯.১০) মেলা প্রাঙ্গণে বিদেশি প্রতিষ্ঠানের নামে বরাদ্দকৃত স্টল, প্যাভিলিয়নে বা মেলা প্রাঙ্গণের বিদেশি ক্যাটাগরির স্টল, প্যাভিলিয়নে বাংলাদেশে প্রস্তুত বা তৈরীকৃত কোন পণ্য/মালামাল প্রদর্শন বা বিক্রয় করা যাবে না;

৯.১১) মেলায় অবৈধ/অননুমোদিত/ক্ষতিকারক কোন পণ্য বা মালামাল প্রদর্শন অথবা বিক্রয় করা যাবে না;

৯.১২) পূর্ববর্তী মেলা বা মেলাসমূহে অংশগ্রহণকারী কোন প্রতিষ্ঠান বা ব্যক্তির নিকট মেলা কর্তৃপক্ষ কোন অর্থ পাওনা থাকলে উক্ত প্রতিষ্ঠান/ব্যক্তি অথবা উক্ত প্রতিষ্ঠানের স্বত্বাধিকারী অথবা তাঁর মালিকানাধীন সকল প্রতিষ্ঠান ডিআইটিএফ-২০২৫ এর দরপত্র কার্যক্রমে অংশগ্রহণ করতে পারবে না এবং এরূপ প্রতিষ্ঠান বা প্রতিষ্ঠানসমূহের নামে মেলার কোন প্যাভিলিয়ন/স্টল/রেস্টুরেন্ট বরাদ্দ করা হবে না;

৯.১৩) মেলায় শুধু দরপত্র/আবেদনপত্রে উল্লিখিত পণ্য সামগ্রী প্রদর্শন ও বিক্রয় করা যাবে;

৯.১৪) দরপত্র/আবেদনপত্রের সাথে দাখিলকৃত কাগজপত্র, তথ্য-বিবরণী ভুয়া প্রমাণিত হলে আবেদন এবং বরাদ্দপত্র বাতিলপূর্বক নিরাপত্তা জামানতের অর্থ বাজেয়াপ্তসহ আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে;

৯.১৫) মেলা প্রাঙ্গণের ফুড স্টল এবং রেস্টুরেন্ট ব্যতীত মেলার অন্য কোন ক্যাটাগরির স্টল, প্যাভিলিয়নে বা স্থানে রান্না করা খাবার বিক্রয় করা যাবে না। তবে, মেলা কর্তৃপক্ষ যুক্তিযুক্ত ও প্রয়োজন মনে করলে কোন প্রতিষ্ঠানের আবেদনের ভিত্তিতে মেলা প্রাঙ্গণের ফুড স্টল অথবা রেস্টুরেন্ট ব্যতীত অন্য কোন স্টল, প্যাভিলিয়নে খাবার বিক্রয় করার অনুমতি দিতে পারবে। এ বিষয়ে মেলা কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে;

৯.১৬) মেলা প্রাঙ্গণের বরাদ্দপ্রাপ্ত ফুড স্টল বা রেস্টুরেন্টে খাবার ব্যতীত অন্য কোন মালামাল কোনভাবেই বিক্রয় করা যাবে না;

৯.১৭) বরাদ্দপ্রাপ্ত প্রতিষ্ঠানসমূহের মধ্যে থেকে শ্রেষ্ঠ প্যাভিলিয়ন/স্টল নির্বাচনপূর্বক পুরস্কৃত করা হবে। এ বিষয়ে মেলা কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে;

৯.১৮) ডিআইটিএফ-২০২৫ এর নির্ধারিত সময়ের পর মেলার মেয়াদকাল বৃদ্ধি করা হলে স্টল/প্যাভিলিয়ন/রেস্টুরেন্ট বরাদ্দের জন্য মনোনীত প্রতিষ্ঠান বর্ধিত দিনের জন্য সকল প্রকার করসহ আনুপাতিক হারে অতিরিক্ত মূল্য পরিশোধ করতে বাধ্য থাকবে;

৯.১৯) এক্সিবিশনে হলের ভিতরে মেলা কর্তৃপক্ষ কর্তৃক সেলস্কিম (Shell scheme) বুথ নির্মাণ করা হবে। বুথের অভ্যন্তরে বরাদ্দপ্রাপ্তগণ পছন্দসই ডিজাইনে স্টল/প্যাভিলিয়ন সজ্জিত করতে পারবেন, তবে কোনক্রমেই মেঝে খোড়াখুঁড়ি করা যাবে না এবং মেঝে ক্ষতিগ্রস্থ করা যাবে না;

৯.২০) মেলা সচিবালয় কর্তৃক নির্ধারিত উচ্চতার অধিক উচ্চতায় কোন স্থাপনা নির্মাণ করা যাবে না;

৯.২১) অসম্পূর্ণ দরপত্র বা আবেদনপত্র গ্রহণযোগ্য হবে না। মেলা কর্তৃপক্ষ যে কোন আবেদন বা সকল আবেদন গ্রহণ বা বাতিল করার পূর্ণ ক্ষমতা সংরক্ষণ করেন;

৯.২২) মেলা কর্তৃপক্ষ যে কোন সময় মেলার তারিখ ও সময় পরিবর্তন করতে পারবেন;

৯.২৩) মেলা কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন পরিস্থিতিতে এ আবেদন বাতিল করার পূর্ণ ক্ষমতা রাখেন।

৩১/১০/২০২৪
সচিব (উপসচিব), ইপিবি
ও
পরিচালক, ২৯তম ঢাকা আন্তর্জাতিক বাণিজ্য মেলা (ডিআইটিএফ)-২০২৫ সচিবালয়
টিসিবি ভবন (৫ম তলা), ১, কাওরান বাজার, ঢাকা-১২১৫
ফোন: ০২-৫৫০১৩৪২০, পিএবিএক্স: ০২-৯১৪৪৮২২-২৪, ৮১৮০০৮৪, ৮১৮০০৮৭, ৮১৮০০৯০ এক্সটেনশন: ১১৪, ফ্যাক্স: ৮৮০-২-৫৫০১৪০২৪, E-mail: secy@epb.gov.bd